

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২
www.dgda.gov.bd

স্মারক নং: ডিজিডিএ/এমএল-০৮০/২০১৪/ ৬৬০

তারিখ: ০৬/০৭/২০২৩

বরাবর

মেসার্স জেনিথ ফার্মাসিউটিক্যালস লিমিটেড

বিসিক শিল্প নগরী

চাট্টীপুর, ফেনী।

বিষয়: ন্যাপ্রোক্সেন প্লাস ৫০০+২০ ট্যাবলেট নামীয় পদের রেজিস্ট্রেশন সাময়িক বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক জানানো যাচ্ছে যে, আপনাদের লাইসেন্সভুক্ত এবং উৎপাদিত ঔষধ ন্যাপ্রোক্সেন প্লাস ৫০০+২০ ট্যাবলেট (ডিএআর নং: ০৮০-১৫১-০৬৪) নামীয় পদটি ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী (এনসিএল), মহাখালী, ঢাকা কর্তৃক মান বহির্ভূত ঘোষিত হওয়ায় এ অধিদপ্তরের স্মারক নং ডিজিডিএ/এমএল-০৮০/২০১৪/১০৩৯৬, তারিখ: ২২/৫/২০২৩ এবং ডিজিডিএ/কা:দ:নো:১৮০/১৫/৫৮১, তারিখ: ০৫/৬/২০২৩ মোতাবেক আপনাদেরকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। আপনারা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেছেন যা গ্রহণযোগ্য নয়। মান-বহির্ভূত ঔষধ উৎপাদন ও বাজারজাতকরণ ঔষধ (নিয়ন্ত্রণ) অধ্যাদেশ-১৯৮২ এর ১৭ ধারা মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায়, মান-বহির্ভূত ঔষধ উৎপাদন ও বাজারজাতকরণের দায়ে ঔষধ (নিয়ন্ত্রণ) অধ্যাদেশ-১৯৮২ এর ৬(৪) ধারা মোতাবেক আপনাদের লাইসেন্সভুক্ত ঔষধ ন্যাপ্রোক্সেন প্লাস ৫০০+২০ ট্যাবলেট (ডিএআর নং: ০৮০-১৫১-০৬৪) এর রেজিস্ট্রেশন সাময়িক বাতিল করা হলো। এতদ্বারা রেজিস্ট্রেশন সাময়িক বাতিলকৃত ঔষধটি "ন্যাপ্রোক্সেন প্লাস ৫০০+২০" উৎপাদন, বাজারজাতকরণ, সংরক্ষণ, বিতরণ ও বিক্রয় নিষিদ্ধ করা হলো।

রেজিস্ট্রেশন সাময়িক বাতিলকৃত ঔষধটি জনস্বাস্থ্যের নিরাপত্তার জন্য আপনাদের নিজস্ব চ্যানেলে বাজার হতে অবিলম্বে প্রত্যাহারকরত: এ অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

মেজর জেনারেল/সৈয়দ হাম্মদ ইউসুফ
মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ফোন: ০২২২২২-৮০৮০৩
ইমেইল: dgda.gov@gmail.com

বিতরণ:

- ১। পরিচালক, মার্কেট সার্ভিলেন্স বিভাগ, এ অধিদপ্তর।
- ২। পরিচালক/পরিচালক (চ.দা.)/উপপরিচালক/উপপরিচালক (চ.দা.)/সহকারী পরিচালক/ঔষধ তত্ত্বাবধায়ক/ঔষধ পরিদর্শক/ ঔষধ প্রশাসন, বিভাগীয়/জেলা কার্যালয়।
- ৩। সহকারী পরিচালক/ঔষধ পরিদর্শক, জেলা কার্যালয়, ফেনী (কারখানাটি নিয়মিতভাবে পরিদর্শনকরত: রেজিস্ট্রেশন সাময়িক বাতিলকৃত পদটির উৎপাদন বন্ধকরণের নির্দেশনাসহ)।